# কুরআনের অর্থ বুঝার সহজ অভিধান

বিভাগ/অধ্যায়ঃ واو (ওয়াও) [৭৮]

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

واو (ওয়াও) - ২

مِيْرَاثٌ، تُرَاثٌ মৃত ব্যক্তির ত্যাজ্যসম্পত্তি, মিরাস, উত্তরাধিকার ৮৯:১৯

وَرَدَ [ض] ورد> পৌঁছা, উপনীত হওয়া, অবতরণ করা, পানির কাছে আসা, ঘাটে নামা ২১:৯৯

أَوْرَدَ পৌঁছানো, উপনীত করা, অবতরণ করানো, নামানো, ঘাটে আনা ১১:৯৮

وِرْدٌ جل أَوْرَادٌ অবতরণস্থল, জলাশয়ের ঘাট, তৃষ্ণার্ত, পিপাসার্ত, তৃষ্ণাতুর ১৯:৮৬

وَارِدٌ ج وَارِدُونَ অবতরণকারী, উপনীত, পানি বাহক ১২:১৯

مَوْرُودٌ আনীত, উপনীত ১১:৯৮

وَرْدٌ جل وُرْدٌ مث وَرْدَةٌ গোলাপী, লাল গোলাপ ৫৫:৩৭

وَرِيْدٌ جل أَوْرِدَةٌ، وُرُوْدٌ শাহরগ, ঘাড়ের রগ, শ্বাসনালী ৫০:১৬

وَرَقٌ جل أَوْرَاقٌ مث وَرَقَةٌ ورق> পাতা, পাত, পত্র, পল্লব ৭:২২

وَرِقٌ جل أَوْرَاقٌ রূপার পাত, রৌপ্যমুদ্রা ১৮:১৯

وَارَى وري> আবৃত করা, লুকানো, গোপন করা, ঢাকা ৫:৩১

تَوَارَى আবৃত হওয়া, গোপন হওয়া, সুপ্ত হওয়া, ঢেকে যাওয়া ১৬:৫৯

اَلْمُوْرِيَات পদাঘাতে আলোক বিকীর্ণকারী অশ্ব, আলোকবিচ্ছুরক, অগ্নিপ্রজ্বালক ১০০:২

وَرَاءٌ পশ্চাতে, পেছনে, অন্তরালে, আড়ালে, ব্যতীত, ছাড়াও, অতিরিক্ত ২:৯১

وَزَرَ [ض] وزر> বোঝা বহন করা, ভার গ্রহণ করা ৬:৩১

وِزْرٌ ج أَوْزَارٌ বোঝা, পাপ, পাপের বোঝা, আত্মরক্ষার অস্ত্রসস্ত্র ৪৭:৪

وَازِرَةٌ বহনকারী, ভারবাহী ৬:১৬৪

وَزَرٌ جل أَوْزَارٌ আশ্রয়স্থল, পানাহ, আত্মরক্ষার স্থান, আত্মরক্ষালয় ৭৫:১১

وَزِيْرٌ جل وُزَرَاءُ উজির, বাদশার নির্ভরশীল ব্যক্তি, মন্ত্রী, পরামর্শদাতা, যার পরামর্শে বাদশা আত্মরক্ষা করে, যে বাদশার বোঝা মাথা পেতে নেয় ২০:২৯

أَوْزَعَ وزع> কুচকাওয়াজ করা, সেনাদল রুখে রাখা, শক্তি যোগানো, নিয়ন্ত্রণ করা, সমবেত করা, অনুকূল করা,

তাওফিক দেওয়া ২৭:১৭

وزن> وَزَنَ [ض]، وَزْنًا ওজন করা, মাপা, পরিমাপ করা, মেপে দেওয়া ৮৩:৩

مَوْزُوْنٌ মাপা, পরিমিত, সুষম, ভারসাম্যপূর্ণ, উপযুক্ত ১৫:১৯

مِيْزَانٌ ج مَوَازِينُ মাপযন্ত্র, মাপকাঠি, মানদণ্ড, দাঁড়িপাল্লা, তুলাদণ্ড, নিক্তি ৬:১৫২

وسط> وَسَطَ [ض] মাঝখানে ঢুকে পড়া, মাঝামাঝি আসা, অভ্যান্তরে যাওয়া ১০০:৫

وَسَطٌ جل أَوْسَاطٌ মধ্যমপন্থী, মধ্যপন্থী, ন্যায়পরায়ণ ২:১৪৩

أَوْسَطُ، وُسْطَى মধ্যম, মাঝবর্তী ২:২৩৮

وسع> وَسِعَ [س] প্রশস্ত হওয়া, পরিবেষ্টন করা, ঘিরে রাখা, বিস্তৃত হওয়া, সুবিস্তীর্ণ হওয়া, চওড়া হওয়া, বিশাল হওয়া, সুপরিসর হওয়া ২:২৫৫

وُسْعٌ প্রশস্ততা, বিশালতা, সাধ্য, সামর্থ্য, অনুযায়ী ২:২৩৩

وَاسِعٌ مث وَاسِعَةٌ প্রশস্তকারী, পরিবেষ্টক, বেষ্টক, বেষ্টনকারী, ধারক, প্রাচুর্যদাতা, প্রশস্ত, সুপরিসর, বিস্তারমান, বর্ধমান, বাড়ন্ত, বর্ধিষ্ণু, ক্রমবর্ধমান ২:১১৫

سَعَةٌ প্রাচুর্য, প্রশস্ততা ২:২৪৭

مُوْسِعٌ প্রাচুর্য লাভকারী, সম্পদবেষ্টক, ধনী, স্বচ্ছল, প্রাচুর্যপূর্ণ, স্বচ্ছলতাদানকারী, পরিবর্ধক, সম্প্রসারণকারী, সম্প্রসারক ৫১:৪৭

وسق> وَسَقَ [ض] আচ্ছন্ন করা, ধারণ করা, ছেয়ে ফেলা, ঢেকে নেওয়া ৮৪:১৭

اتَّسَقَ পূর্ণ হওয়া, পূর্ণতা লাভ করা, ঘিরে ফেলা, পরিবেষ্টক হওয়া ৮৪:১৮

وسل> وَسِيْلَةٌ جل وَسَائِلُ ওসিলা: মাধ্যম, উপায় ৫:৩৫

وسم> وَسَمَ [ض] পোড়া দাগ দেওয়া, সেকা দেওয়া, ছাপ দেওয়া, দাগ দেওয়া, চিহ্ন দেওয়া, নিদর্শন দেওয়া ৬৮:১৬

مُتَوَسِّمٌ অন্তর্দৃষ্টিসম্পন্ন, নিদর্শনদর্শী, সুক্ষ্মদর্শী, বিচক্ষণ, নিরীক্ষণকারী ১৫:৭৫

وسن> سِنَةٌ তন্দ্রা, ঝিমুনি, নিদ্রাবেশ, প্রমীলা, ঘুমঘুম ভাব, অবসাদ, শ্রান্তি ২:২৫৫

Source — https://www.hadithbd.com/books/link/?id=10281

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন